পেমেন্ট সিস্টেম্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

পিএসডি সার্কুলার লেটার নং-৫

তারিখ ঃ ১৫ চৈত্র ১৪২৬
২৯ মার্চ ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

প্রিয় মহোদয়,

**বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) ৩০.০৩.২০২০ হতে ০২.০৪.২০২০ তারিখে চালু রাখা প্রসঙ্গে।**

বৈশ্বিক মহামারীতে রূপ নেওয়া নভেল করোনা ভাইরাসের প্রেক্ষিতে ২৯ মার্চ হতে ০২ এপ্রিল, ২০২০ সময়ের জন্য সরকার ঘোষিত সাধারণ ছুটিকালে সীমিত ব্যাংকিং লেনদেন চালু রাখার জন্য ডিওএস হতে জারীকৃত সার্কুলার লেটার নং-০৬ ও ০৭ এবং পিএসডি হতে জারীকৃত সার্কুলার লেটার নং-০৪ এর অণুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, চলতি সপ্তাহে নিত্য প্রয়োজনীয় পণ্য, জরুরী চিকিৎসা ও অন্যান্য সেবা সামগ্রীর সরবরাহ, সরকার কর্তৃক প্রদেয় বিভিন্ন সামাজিক ভাতাদি, সরকারী নানাবিধ সেবামূল্য, দেশের বিভিন্ন স্থানে অভ্যন্তরীণ পণ্য সরবরাহ ব্যবস্থা সচল রাখা এবং উক্ত সময়ে OMS কার্যক্রমসহ দুস্থ ও অসহায় জনসাধারণকে প্রদেয় নানাবিধ সহায়তা সম্পর্কিত জরুরী আন্তঃব্যাংক লেনদেন সম্পন্নের সুবিধার্থে ৩০ মার্চ হতে ০২ এপ্রিল, ২০২০ সময়ে সাধারণ ছুটির দিনগুলিতে নিম্নোক্ত সূচি মোতাবেক Bangladesh Automated Clearing House (BACH) চালু থাকবেঃ

ক) BACPS এর High Value Clearing- Presentment Cut off Time- 11:00 AM,
Return Cut off Time- 12:00 PM এবং
Regular Value Clearing- Presentment Cut off Time- 11:30 AM,
Return Cut off Time- 12:30 PM

খ) উপরোক্ত দিনগুলিতে BEFTN এর দুটি সেশন পূর্বের সময়সূচি অনুযায়ী চালু থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মেজবাউল হক)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-৯৫৩০১৭৪